# অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ

ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ (পূর্ববর্তী ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ) সরকারের রাজস্ব বাজেটভুক্ত ও বাজেট বর্হিভূত যাবতীয় ব্যয় ব্যবস্থাপনাসহ সার্বিক আর্থিক শৃংখলা ও আর্থিক ব্যবস্থাপনা যথাযথভাবে পরিপালন করে থাকে। এ অনুবিভাগ থেকে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তরসমূহের সাংগঠনিক কাঠামোর আওতায় ও কাঠামোর অতিরিক্ত নতুন পদ সৃজন, অস্থায়ী পদ সংরক্ষণ, সরঞ্জাম তালিকা পরিবর্তন/পরিবর্ধন, পদ উন্নীতকরণ, অস্থায়ী পদসমূহ সরকারের বিধি-বিধানের আলোকে স্থায়ীকরণ ও নবায়ন, পদবী পরিবর্তন ইত্যাদি প্রস্তাবে সম্মতি/মতামত প্রদান করা হয়ে থাকে। আর্থিক ক্ষমতা বিকেন্দ্রিকরণ, সমাপ্ত উন্নয়ন প্রকল্পসমূহের পদ রাজস্ব খাতে স্থানান্তর, সরকারি অফিসসমূহের জন্য বিভিন্ন ধরনের যানবাহনের মূল্য নির্ধারণ, বেসরকারি বাড়ি ভাড়াকরণ ও ভাড়ার হার নির্ধারণ সংক্রান্ত প্রস্তাব, বেসরকারি স্কুল/কলেজসমূহ জাতীয়করণের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক পদ সৃষ্টি/সংরক্ষণ সম্পর্কিত প্রস্তাবসমূহ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত প্রদান করা হয়। এ অনুবিভাগের ২০১৯-২০ অর্থবছরের গুরুত্বপূর্ণ কার্যাবলীসমূহ নিম্নে সংক্ষেপে উপস্থাপন করা হলো:

**পদ সৃজন/সংরক্ষণ/স্থানান্তর/স্থায়ীকরণ**

- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ অফিসসমূহের ১ম গ্রেড থেকে ২০ গ্রেড পর্যন্ত মোট ১,০০,২১৩টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ অফিসসমূহের ১ম থেকে ২০ গ্রেড পর্যন্ত মোট ২,৩৬৫টি পদ স্থায়ীকরণে সম্মতি প্রদান করা হয়েছে; এবং
- বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও অধীনস্থ অফিসসমূহের ১ম থেকে ২০ গ্রেড পর্যন্ত মোট ৩৭৫টি পদ বিলুপ্তকরণে সম্মতি প্রদান করা হয়েছে।

**অফিস সরঞ্জামাদি ও যানবাহন প্রতিস্থাপন/টিওএন্ডইতে অন্তর্ভুক্তকরণ/ক্রয়**

- বাংলাদেশ উপ-হাইকমিশন কলকাতার জন্য “Toyota Fortuner 4X4” মডেলের গাড়ির অনুরূপ একটি নতুন গাড়ি বাংলাদেশি মুদ্রায় ২৫,৬৭,৭০৪/-(পঁচিশ লক্ষ সাতষট্টি হাজার সাতশত চার) টাকায় ক্রয়ে সম্মতি দেয়া হয়েছে;
- কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর অফিসের টিওএন্ডইভুক্ত ১টি নুতন জীপ গাড়ি ২,৭০০ সি:সি: ৫৭,০০,০০০/(সাতান্ন লক্ষ ) টাকায় ক্রয়ে সম্মতি দেয়া হয়েছে;
- উপজেলা নির্বাহী অফিসারদের ব্যবহারের জন্য ২০১৯-২০ অর্থবছরে ৫০টি জীপ গাড়ি ক্রয়ের জন্য ৪৭,০০,০০,০০০/-(সাতচল্লিশ কোটি) টাকা এবং ২০২০-২১ অর্থবছরে ৫০টি জীপ গাড়ি ক্রয়ের জন্য ৪৭,০০,০০,০০০/-(সাতচল্লিশ কোটি) টাকা ব্যয়ের সম্মতি প্রদান করা হয়েছে;
- মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের টিওএন্ডইতে একটি ট্রাক অন্তর্ভুক্তকরণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- ৩৮টি জেলা প্রশাসকের কার্যালয়ের টিওএন্ডইতে বিদ্যমান ২টি করে কারের পরিবর্তে ২টি করে জীপ গাড়ি অন্তর্ভুক্তকরণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- সকল বিভাগীয় কমিশনারের কার্যালয়ের টিওএন্ডইতে ১টি করে মোট ৮টি সিসি ক্যামেরা অন্তর্ভুক্তকরণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে;
- ভুমি মন্ত্রণালয়ের আওতাধীন নতুনভাবে সৃজিত ১৭টি সহকারী কমিশনার রাজস্ব সার্কেলের টিওএন্ডইতে ১৭টি ডাবল কেবিন পিকআপ অন্তর্ভুক্তকরণে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়েছে;

- বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এর অনুকূলে টিওএন্ডইভুক্ত ৪টি জীপ ৯১.৬৬ লক্ষ টাকায় ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ বেতারের ৩টি যানবাহন ১.২৯ কোটি টাকা ব্যয়ে ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে;
- স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর সাংগঠনিক কাঠামোতে ১,৫১৪টি যানবাহন, ১,১৩৪টি অফিস সরঞ্জাম, ৪৭৯টি নির্মাণ যন্ত্রপাতি, ১৬৭টি সার্ভে যন্ত্রপাতি, ১২০টি ল্যাবরেটরি যন্ত্রপাতি অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করা হয়েছে;
- লেবাননস্থ শ্রম উইং এর জন্য ১টি স্টাফ কার ৪০,৭৫,২০০/-টাকায় ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে;
- সিলেট, বরিশাল ও রংপুর বিভাগের ৩টি শ্রম আদালতের টিওএন্ডইতে ৩টি কার অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করা হয়েছে;
- রোমস্থ শ্রম উইংয়ের জন্য ৩৯,৯৭,১৪০/-টাকায় ১টি স্টাফ কার (প্রতিস্থাপনের মাধ্যমে) ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে;
- পরিকল্পনা বিভাগের টিওএন্ডইভুক্ত পুরাতন ১টি মাইক্রোবাস ও ১টি কার প্রতিস্থাপক হিসাবে নতুন ১টি মাইক্রোবাস ৪৪.০০ লক্ষ (চুয়াল্লিশ লক্ষ) টাকা ও ১টি কার ৩৫.০০ (পয়ত্রিশ লক্ষ) টাকার মধ্যে (অনুর্ধ্ব ১,৬০০সিসি) ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে; এবং
- প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক ব্যবহৃত জীপ গাড়ি নম্বর ঢাকা মেট্রো-ঘ১৩-৮৭১৯ এর নতুন ৫টি টায়ার (স্পেয়ার টায়ারসহ) স্থাপনের জন্য ১,৬৭,৮০০/-(এক লক্ষ সাতষট্টি হাজার আটশত) টাকা ব্যয় অনুমোদনে সম্মতি দেয়া হয়েছে।

**পদ উন্নীতকরণ/পদ সৃজন**

- বাংলাদেশ বেতারের মহা-পরিচালক পদ ২য় গ্রেড হতে ১ম গ্রেড, প্রধান প্রকৌশলী ৩য় গ্রেড হতে ২য় গ্রেডে এবং অতি: প্রধান প্রকৌশলীর পদ ৪র্থ গ্রেড হতে ৩য় গ্রেড-এ উন্নীতকরণে সম্মতি প্রদান করা হয়েছে;
- চাঁপাই নবাবগঞ্জ, নড়াইল, রাঙ্গামাটি, বান্দরবান, ঝালকাঠি ও পঞ্চগড় জেলায় ১টি করে ৬টি নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল স্থাপনের জন্য ৩০টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;
- পটুয়াখালী জেলার রাঙ্গাবালী উপজেলার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের জন্য ৫টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে ৬টি উপ-মহাপরিচালক পদ এবং ৭টি পরিচালক পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;
- বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর সাংগঠনিক কাঠামোতে ৪,২৮২টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;
- পার্বত্য চট্রগ্রামে র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব) এর একটি ব্যাটালিয়ন (র‌্যাব-১৫) গঠনের জন্য ৬৭৭টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;
- ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ এর নিরাপত্তার জন্য ঢাকা জেলা পুলিশ কাঠামোতে ১১০টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;
- হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ উপজেলা “সি” শ্রেণী হতে “বি” শ্রেণীতে উন্নীতকরণের লক্ষ্যে ১০টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে;

- ফায়ার সার্ভিস সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে “বার্ন ট্রিটমেন্ট হাসপাতাল” স্থাপনের জন্য ৩৮টি পদ সৃজনে সম্মতি ও ২৪ জনবলের সেবা ক্রয়ের প্রস্তাব প্রেরণে নির্দেশনা দেয়া হয়েছে; এবং
- বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) এর মোবাইল কোর্ট পরিচালনার জন্য ১৪টি পদ সৃজনে সম্মতি প্রদান করা হয়েছে।

**অন্যান্য কার্যাবলী**

- মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর ওয়ার্কচার্জড কর্মচারীদের চাকরি নিয়মিতকরণে সম্মতি প্রদান করা হয়েছে;
- পার্বত্য জেলার লংগদু মডেল কলেজ জাতীয়করণে সম্মতি প্রদান করা হয়েছে;
- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কাশিয়ানী, টুংগীপাড়া, কোটালীপাড়া ৫০ শয্যা হতে ১০০ শয্যায় উন্নীতকরণে সম্মতি প্রদান করা হয়েছে;
- ভোলা সদর হাসপাতাল এর শয্যা সংখ্যা ১০০ হতে ২৫০ শয্যায় উন্নীতকরণ ও সেবা চালুকরণে সম্মতি প্রদান করা হয়েছে; এবং
- বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব বাজেটে অস্থায়ীভাবে সৃজিত ৪১টি পদ ০১/০৬/২০২০ তারিখ হতে স্থায়ীকরণে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে।